# চ্যান্সেলরের প্রবিধান

NYC Department of Education

| | | | |
|---|---|---|---|
| শ্রেণি: | **শিক্ষার্থী** | ইস্যুর তারিখ: 1/20/11 | নম্বর: **A-450** |
| বিষয়: | অনৈচ্ছিক বদলি প্রক্রিয়া | | পৃষ্ঠা: 1 of 1 |

**পরিবর্তনের সারাংশ**

এটি ২২ জুন, ২০০৯ তারিখ ইস্যু করা চ্যান্সেলরের প্রবিধান A-501-কে রহিত করে।

পরিবর্তনসমূহ:

- চিল্ড্রেন ফার্স্ট নেটওয়ার্ক-এর ইনটিগ্রেটেড সার্ভিস সেন্টার/ডিরেক্টর অব সেফটি অ্যান্ড সাসপেনশন-এর ডিরেক্টর অব স্টুডেন্ট সাসপেনশন-এর উল্লেখগুলোর ক্ষেত্রে অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট স্টুডেন্ট সাসপেনশন-এর বরো ডিরেক্টর করা হয়েছে। (পৃষ্ঠা 1, সেকশন II(B); পৃষ্ঠা 2, সেকশন III; পৃষ্ঠা 3, সেকশন III(6); পৃষ্ঠা 3, সেকশন IV(A) এবং IV(B); পৃষ্ঠা 4, সেকশন IV(C) and IV(D))

**সংক্ষিপ্তসার**

এই প্রবিধানটি কে-১২ গ্রেড পর্যন্ত শিক্ষার্থীদের অনৈচ্ছিক বদলির বিষয়টি নিয়ন্ত্রণ করে। এটি ২২ জুন, ২০০৯ তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-450, *অনৈচ্ছিক বদলি প্রক্রিয়া*-কে রহিত করে।

## I. ভূমিকা

এই প্রবিধানটি নিউ ইয়র্ক স্টেট এডুকেশন আইনের সেকশন 3214(5) অনুসারে সাধারণ শিক্ষার শিক্ষার্থীদের (যাদের আইইপি নেই) অনৈচ্ছিক বদলি কার্যকর করার প্রক্রিয়া ব্যাখ্যা করে।[1] সম্ভাব্য ক্ষেত্রে অনৈচ্ছিক বদলি প্রক্রিয়া শুরুর পূর্বে বিকল্প হস্তক্ষেপমূলক প্রক্রিয়াসমূহ ব্যবহার করতে হবে। যখন কোন শিক্ষার্থীর আচরণ বা প্রাতিষ্ঠানিক রেকর্ড থেকে দেখা যায় যে স্কুলে সে নিজেকে সন্তোষজনকভাবে খাপ খাওয়াতে ব্যর্থ হচ্ছে এবং প্রিন্সিপ্যাল যদি বিশ্বাস করেন যে অন্যত্র বদলি করলে শিক্ষার্থী উপকৃত হবে এবং সে উপযুক্ত শিক্ষা লাভ করতে পারবে, তখন প্রিন্সিপ্যাল এই প্রবিধান অনুসারে অনৈচ্ছিক বদলির উদ্যোগ নিতে পারেন। শিক্ষার ক্ষেত্রে যাতে শিক্ষার্থীর বিঘ্ন ন্যূনতম রাখার ব্যাপারে সর্বাত্মক প্রচেষ্টা নিয়োজিত করতে হবে।

[দ্রষ্টব্য: কোন শিক্ষার্থী যদিএমন কোন অসদাচারণ করে যার জন্য শৃঙ্খলা বিধি ও চ্যান্সেলরের প্রবিধান অনুযায়ী সাময়িক বহিষ্কার (সাসপেনশন)আবশ্যক হয়, তাহলে বহিষ্কারের চেষ্টা করতে হবে।)

## II. নিরোধমূলক ব্যবস্থা

### A. স্কুল-অভ্যন্তরস্থ ব্যবস্থা

স্কুলের কর্মকর্তাগণ যথাসম্ভব উন্নত শিক্ষণ প্রসার ও শিক্ষা প্রক্রিয়ায় নেতিবাচক প্রভাব ফেলে যেসব আচরণগত সমস্যা, সেগুলো মোকাবেলার জন্য কৌশল উদ্ভাবন ও ব্যহারের জন্য দায়বদ্ধ থাকবেন। যখন কোন শিক্ষার্থীরআচরণএবং/অথবা প্রাতিষ্ঠানিক রেকর্ড থেকে বোঝা যায় যে স্কুলের সাথে সে সন্তোষজনকভাবে খাপ খাওয়াতে পারছে না, তখন স্কুলের কর্মকর্তাদেরকে পরিকল্পনা তৈরি করতে হবে এবং শিক্ষার্থীর আচরণগত সমস্যা মোকাবেলার কৌশল অনুসন্ধান করবেন এবং সেসব বিকল্প ব্যবস্থা নিয়ে শিক্ষার্থী ও শিক্ষার্থীর পিতামাতার সাথে আলোচনা করবেন।[2] এই পরিকল্পনায় বিকল্প শিক্ষা উপকরণ এবং/অথবা প্রক্রিয়া, বিকল্প ক্লাসরুম ব্যবস্থাপনা কৌশল, প্রতিকারমূলক পরিষেবা, বিকল্প ক্লাসে শিক্ষার্থী স্থানান্তর, তত্ত্বাবধানে সহায়তা, এবং ব্যক্তিগত ও পারিবারিক পরিস্থিতি মোকাবেলায় সহায়তা অন্তর্ভুক্ত হতে পারে। সকল প্রতিরোধমূলক পদক্ষেপের কথা শিক্ষার্থীর রেকর্ডে বর্ণনা দিতে হবে। কোন সময় যদি স্কুলের কর্মকর্তাগণ যদি সন্দেহ করেন যে, শিক্ষার্থীর কোন সমস্যা তার প্রতিবন্ধিতার বহিঃপ্রকাশ যার জন্য স্পেশাল এডুকেশন সার্ভিস প্রয়োজন, তাহলে স্কুলের কর্মকর্তাদেরকে অবিলম্বে একটি স্পেশাল এডুকেশনের মূল্যায়ন পরিচালনার জন্য কমিটি অন স্পেশাল এডুকেশন অফিসে সুপারিশ করতে হবে।

### B. স্বেচ্ছা-বদলি

যখন শিক্ষার্থীকে স্কুলের সাথে মানিয়ে চলার সকল প্রচেষ্টা ব্যর্থ হয়,এবং যখন প্রিন্সিপ্যালের বিশ্বাস জন্মাবে যে অন্য কোন স্কুলে বদিল করলে শিক্ষার্থী লাভবান হবে বা উপযুক্ত শিক্ষা লাভ করবে, তখন প্রিন্সিপ্যাল পিতামাতা সহযোগে অন্যত্র বদলির চিন্তাভাবনা করতে পারবেন। যদি পিতামাতা বদলির ব্যাপারে সম্মতি দেন এবং অফিস অব স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট (ওএসওয়াইডি) বরো ডিরেক্টর অব স্টুডেন্ট সাসপেনশন্স ওএসওয়াইডি-এর ভারপ্রাপ্ত চিফ এক্সিকিউটিভ অফিসার হিসেবে একমত হন,

---

[1] একটি প্রতিবন্ধিতাযুক্ত ছেলেমেয়ে তার মূল স্কুলে যে কর্মসূচিতে আছে, অন্য কোন স্কুলে একই কর্মসূচির জন্য অনৈচ্ছিক বদলি করা যাবে না। যদি বিশ্বাস হয় যে কোন প্রতিবন্ধিতাযক্ত ছেলেমেয়ের ভিন্ন কোন স্পেশাল এডুকেশন কর্মসূচি বা সহায়তার প্রয়োজন রয়েছে কারণ সে শিক্ষার্থীরআচরণএবং/অথবা প্রাতিষ্ঠানিক রেকর্ড দেখে বুঝা যায় যে স্কুলের সাথে সে সন্তোষজনকভাবে খাপ খাওয়াতে পারেনি, তাহলে স্কুলে একটি আইইপি সভা আয়োজন করতে হবে।

[2] এই প্রবিধানের কোথাও যখন "প্যারেন্ট" (পিতামাতা) শব্দটি ব্যবহার করা হবে, তখন শব্দটি যা বুঝাবে, তা হলো শিক্ষার্থীর পিতামাতা বা অভিভাবক, কিংবা অন্য কোন ব্যক্তি বা এজেন্সি যার সাথে শিক্ষার্থীর পিতামাতাসুলভ বা তত্ত্বাবধানমুলক সম্পর্ক রয়েছে, কিংবা সম্পর্ক ছিন্নকারী নাবালক বা ১৮ বছর বয়েসী শিক্ষার্থী স্বয়ং।

তাহলে স্বেচ্ছাবদলি কার্যকর করা হতে পারে। স্টুডেন্ট সাসপেনশন্স-এর বরো ডিরেক্টরকে অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট (স্টুডেন্ট এনরোলমেন্ট)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর/ভারপ্রাপ্ত ব্যক্তির সাথে আলোচনাক্রমে ভর্তির জন্য একটি উপযুক্ত স্কুল নির্ধারণ করবেন। যদি পিতামাতা বদলির বিষয়ে সম্মত না হন এবং প্রিন্সিপ্যাল শিক্ষার্থীকে বদলি করতে চান, তাহলে এই প্রবিধানে নির্ধারিত অনৈচ্ছিক বদলির নিয়ম অনুসরণ করতে হবে।

অনৈচ্ছিক বদলি প্রক্রিয়া ঝুলন্ত থাকাকালে শিক্ষার্থীকে অবশ্যই তার বর্তমান স্কুলে থাকতে হবে, যদি না শিক্ষার্থী চ্যান্সেলরের প্রবিধান অনুযায়ী সাময়িক বহিষ্কার হয়ে থাকে ও অন্যত্র ভর্তির জন্য নির্দেশিত হয়ে থাকে, কিংবা পিতামাতা বদলির জন্য সম্মতি দিয়ে থাকেন।

## III. প্রিন্সিপ্যালের সাথে সাক্ষাৎ

অনৈচ্ছিক বদলি প্রক্রিয়ার সূচনা করার জন্য প্রিন্সিপ্যালকে প্রথমে স্টুডেন্ট সাসপেনশনের বরো ডিরেক্টরের সাথে আলোচনা করতে হবে। স্টুডেন্ট সাসপেনশনের বরো ডিরেক্টর বদলির সুপারিশের ব্যাপারে একমত হলে প্রিন্সিপ্যাল নিম্নলিখিত পদক্ষেপগুলো গ্রহণ করবেন:

A. বিজ্ঞপ্তি

1. প্রিন্সিপ্যাল/স্থলাভিষিক্ত ব্যক্তি শিক্ষার্থী ও তার পিতামাতাকে এই মর্মে বর্ণনা দিয়ে একটি লিখিত বিজ্ঞপ্তি প্রদান করবেন যে, শিক্ষার্থীকে বদলির সুপারিশ বিবেচনাধীন রয়েছে। বিজ্ঞপ্তিতে প্রিন্সিপ্যালের সাথে একটি অনানুষ্ঠানিক সাক্ষাতের তারিখ, সময় ও স্থান এবং পিতামাতা ও শিক্ষার্থীকে তাদের পছন্দের একজন পরামর্শদাতাকে সঙ্গে নেওয়ার অধিকারের কথা অবশ্যই উল্লেখ থাকতে হবে।

2. বৈঠকের আগে শিক্ষার্থীর রেকর্ডের একটি কপি পেতে অনুরোধ জানাবার ও তা হাতে পাওয়ার অধিকার যে পিতামাতাদের আছে, সেটা বিজ্ঞপ্তিতে উল্লেখ থাকতে হবে।

3. বিজ্ঞপ্তিতে আরও উল্লেখ থাকতে হবে যে, প্রিন্সিপ্যালের বৈঠকের পরে যদি প্রিন্সিপ্যাল বিশ্বাস করেন যে বদলি আবশ্যক এবং পিতামাতা এতে একমত না হন, তাহলে বদলি কার্যকর হওয়ার আগে একটি শুনানির সুযোগ লাভের অধিকার পিতামাতাদের আছে।

B. প্রিন্সিপ্যালের অনানুষ্ঠানিক বৈঠক

1. প্রিন্সিপ্যালের বৈঠক একটি ফোরামের সুযোগ দেবে যেখানে পিতামাতা, শিক্ষকবৃন্দ, এবং অন্যান্য স্কুল স্টাফ প্রিন্সিপ্যাল কর্তৃক শিক্ষার্থীর বদলির কথা বিবেচনার সাথে সংশ্লিষ্ট বিষয়গুলো মূল্যায়ন করতে পারবেন। এটি শিক্ষার্থীর প্রাতিষ্ঠানিক ও আচরণগত চাহিদা নিয়ে এবং ইতিপূর্বে যদি সেসব সমস্যার সমাধানের জন্য কোন পদক্ষেপ বা কৌশল ব্যবহার করা হয়ে থাকে, তা নিয়ে আলোচনার সুযোগ দেয়।

2. প্রিন্সিপ্যালকে অবশ্যই সে বৈঠক পরিচালনা করতে হবে। যখন কোন পিতামাতা মুলতবির অনুরোধ জানান, প্রিন্সিপ্যালকে সাথে সাথেই বৈঠকের নতুন সময়সূচি ঠিক করতে হবে। বিশেষ পরিস্থিতি ছাড়া দ্বিতীয়বার বৈঠকের সময়সূচি পুনঃনির্ধারণের অনুরোধ জানান অনুমোদিত নয়। যথাযথ নোটিস দেওয়ার পরও শিক্ষক ও তার পিতামাতা অনুপস্থিত থাকলে প্রিন্সিপ্যালকে বৈঠক চালিয়ে যেতে হবে এবং গৃহীত সিদ্ধান্তে তাদের উপস্থিতি নিশ্চিত করার জন্য স্কুল কর্মকর্তাদের নেওয়া উদ্যোগের কথা অন্তর্ভুক্ত থাকতে হবে। বৈঠক যে নির্ধারিত তারিখে অনুষ্ঠিত হয়েছে, এবং তাতে কোন সিদ্ধান্ত গৃহীত হয়ে থাকলে, সেটা পিতামাতাদেরকে লিখিতভাবে জানাতে হবে।

3. বৈঠকে সহায়তার জন্য শিক্ষার্থী ও পিতামাতা একজন অ্যাটর্নি বা অন্য কোন ব্যক্তিকে সঙ্গে আনতে পারবেন। শিক্ষার্থী ও বৈঠকে উপস্থিত হতে তার মানিয়ে চলায় আবশ্যিক কোন সমস্যা থাকলে সে ব্যাপারে ওয়াকেবহাল স্কুল কর্মকর্তাদেরকে প্রিন্সিপ্যাল প্রশ্ন করতে পারেন। বৈঠকটি কোনআনুষ্ঠানিক বাদানুবাদ প্রক্রিয়া নয়, এটি একটি পথনির্দেশমূলক প্রক্রিয়া এবং বিরোধপূর্ণ হতে পারবে না। অ্যাটর্নি বা অ্যাডভোকেট অনানুষ্ঠানিক বৈঠকের বৈশিষ্ট মেনে চলতে হবে।

যদি পিতামাতার প্রাধান্যের ভাষা ইংরেজি না হয়, তাহলে পিতামাতা বৈঠকের তারিখের আগে

প্রিন্সিপ্যালের সাথে যোগাযোগ করে ডিওই-কে দোভাষীর ব্যবস্থা করার অনুরোধ জানাতে পারবেন অথবা বৈঠকে সহায়তা দিতে একজন দোভাষী সঙ্গে আনতে পারবেন।

4. পিতামাতার অনুরোধের প্রেক্ষিতে প্রিন্সিপ্যালকে তাদের জন্য শিক্ষার্থীর রেকর্ডের কপি দিতে হবে।

5. বৈঠক সমাপ্তির পর প্রিন্সিপ্যাল যদি বিশ্বাস করেন যে বদলির আবশ্যিকতা নেই, তাহলে তিনি পাঁচ দিনের মধ্যে লিখিতভাবে শিক্ষার্থী ও পিতামাতাদেরকে তা জানাবেন এবং এতে শিক্ষার্থীর চাহিদা মেটানর সুপারিশকৃত কৌশল উল্লেখ করবেন।

6. যদি প্রিন্সিপ্যাল সিদ্ধান্তে উপনীত হন যে শিক্ষার্থীকে বদলি করলে সে উপকৃত হবে বা অন্য স্কুলে সে পর্যাপ্ত ও উপযুক্ত শিক্ষা লাভ করবে, তাহলে প্রিন্সিপ্যালকে অবশ্যই বদলির একটি লিখিত সুপারিশ স্টুডেন্ট সাসপেনশন-এর বরো ডিরেক্টর বরাবর ইস্যু করতে হবে। প্রিন্সিপ্যালের লিখিত সুপারিশে অবশ্যই শিক্ষার্থীর আচরণ এবং/অথবা প্রাতিষ্ঠানিক সমস্যার একটি বর্ণনা অন্তর্ভুক্ত করতে হবে যাতে বদলির আবশ্যিকতা এবং শিক্ষার্থীর সমস্যা সমাধানের জন্য আগে যেসব বিকল্প ব্যবস্থা ও প্রক্রিয়া অনুসরণ করা হয়েছিল, তার উল্লেখ থাকতে হবে। প্রিন্সিপ্যালের সুপারিশের চিঠির একটি কপি শিক্ষার্থী ও পিতামাতাকে দিতে হবে (সংযুক্তি নং ২ দ্রষ্টব্য)।

## IV. <u>অফিস অব স্কুল অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট (ওএসওয়াইডি)-এর শুনানি</u>

A. প্রাথমিক দায়িত্ব

একজন প্রিন্সিপ্যালের কাছ থেকে বদলির সুপারিশ পাওয়ার পর স্টুডেন্ট সাসপেনশন-এর বরো ডিরেক্টর কে যা যা করতে পারেন:

1. সিদ্ধান্ত নিতে পারেন যে অনৈচ্ছিক বদলি ঠিক নয় <u>নয়</u> এবং প্রিন্সিপ্যাল ও পিতামাতদের লিখিতভাবে জানাতে পারেন যে, শিক্ষার্থীর পক্ষে বাড়তি স্কুল-ভিত্তিক উদ্যোগ নিতে হবে; কিংবা

2. বিবেচনার জন্য প্রিন্সিপ্যালের সুপারিশ গ্রহণ করতে পারেন এবং শিক্ষার্থী ও তার পিতামাতাকে লিখিতভাবে জানাতে পারেন যে একটি বদলির প্রস্তাব গৃহীত হয়েছে এবং তাদের শুনানি লাভের অধিকার আছে যা নিচে বর্ণিত হয়েছে।

B. বিজ্ঞপ্তি

স্টুডেন্ট সাসপেনশন-এর বরো ডিরেক্টর শিক্ষার্থী ও তার পিতামাতাকে জানাতে হবে যে তাদের শুনানির অধিকার আছে। সে চিঠিতে নিম্নলিখিত তথ্য থাকতে হবে (সংযুক্তি নং ৩ দেখুন):

1. এ ধরনের বদলি প্রক্রিয়ার নির্দিষ্ট কারণ।

2. এই মর্মে একটি বিবৃতি যে শিক্ষার্থী ও পিতামাতা শুনানির অনুরোধ জানাবার জন্য দশ (১০) দিনের সময় পাবেন।

3. এই মর্মে বিজ্ঞপ্তি যে, যদি শুনানির অনুরোধ করা হয়, তাহলে শুনানির তারিখ, সময় ও স্থানের ব্যবস্থা করা হবে এবং যদি না পিতামাতা শুনানি মুলতবি রেখে অবিলম্বে বদলি কার্যকর করায় লিখিত সম্মতি দেন, তাহলে শুনানি-পরবর্তী লিখিত সিদ্ধান্ত জারি না করা পর্যন্ত প্রস্তাবিত বদলি কার্যকর করা হবে না। তবে পিতামাতা অবিলম্বে বদলির সম্মতিও দিলেও এতে তারা শুনানির অধিকার ত্যাগ করেছেন, তা বুঝায় না।

4. এই মর্মে বিজ্ঞপ্তি যে, পিতামাতাদে যদি দশ (১০) দিনের মধ্যে শুনানির অনুরোধ না করেন, তাহলে দশ (১০) দিন অতিবাহিত হওয়ার পর প্রস্তাবিত বদলি কার্যকর করা যাবে, যদি না পিতামাতা আরও আগে বদলির লিখিত সম্মতি প্রদান করেন।

5. শুনানিরআগে শিক্ষার্থীর রেকর্ডের কপি পাওয়ার যে অধিকার আছে, সে ব্যাপারে বিজ্ঞপ্তি। বিজ্ঞপ্তিতে ফ্রি বা কম খরচে আইনি সহায়তা দেয়, এমন কম্যুনিটি এজেন্সিগুলোর তালিকা এবং আপিল প্রক্রিয়ার একটি কপি অন্তর্ভুক্ত করতে হবে।

6. এই মর্মে বিজ্ঞপ্তি যে, পিতামাতা শুনানিতে সহায়তা দেওয়ার জন্য সঙ্গে আনতে পারবেন; শিক্ষার্থী

বা পিতামাতা সাক্ষীদের প্রশ্ন করতে এবং শিক্ষার্থীর পক্ষে সাক্ষী ও প্রমাণ উপস্থাপন করতে পারবেন; এবং হিয়ারিং অফিসে সাক্ষীদের জন্য সমন জারি করার অনুরোধ করতে পারবেন।

7. এই মর্মে বিজ্ঞপ্তি যে, যদি পিতামাতার প্রাধান্যের ভাষা ইংরেজি না হয়, তাহলে দোভাষী সঙ্গে আনার বা ডিওই-কে দোভাষীর ব্যবস্থা করার অনুরোধ জানাবার অধিকার আছে।

যদি পিতামাতা শুনানির অনুরোধ না জানান এবং দশ (১০) দিন অতিক্রান্ত হয়ে যায় বা পিতামাতা আর ও আগে বদলির লিখিত সম্মতি প্রদান করে থাকেন, তাহলে স্টুডেন্ট সাসপেনশনের বরো ডিরেক্টর বরো এনরোলমেন্ট-এর এক্সিকিউটিভ ডিরেক্টর/ভারপ্রাপ্ত ব্যক্তির সাথে আলোচনাক্রমে উপযুক্ত একটি স্কুলে ভর্তির সিদ্ধান্ত নেবেন। স্টুডেন্ট সাসপেনশন-এর বরো ডিরেক্টর গ্রাহক স্কুল ও প্রেরক স্কুল, উভয়টির প্রিন্সিপ্যালদেরকে এবং পিতামাতাদেরকে শিক্ষার্থীকে কোন্ স্কুলে বদলি করা হচ্ছে ও কবে সে বদলি কার্যকর হবে, তা জানিয়ে একটি চিঠি দেবেন। সে স্কুলটিকে হতে হবে এমন যাতে সেখানে শিক্ষার্থী উপযুক্ত শিক্ষা পেতে পারে।

C. শুনানি

যদি পিতামাতা শুনানির অনুরোধ জানিয়ে থাকেন, তাহলে স্টুডেন্ট সাসপেনশনের বরো ডিরেক্টরকে এরপর যথাশীঘ্র সম্ভব হিয়ারিং অফিসের সাথে শুনানীর সময়সূচি নির্ধারণ করতে হবে।

1. স্কুলের প্রিন্সিপ্যাল বা দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির উপস্থিতি ছাড়া কোন শুনানি হতে পারবে না।

2. মুলতবির অনুরোধ করা হয়ে থাকলে হিয়ারিং অফিসকে দ্রুত হিয়ারিংয়ের সমসয়সূচি পরিবর্তন করতে হবে। বিশেষ পরিস্থিতি ছাড়া দ্বিতীয়বার শুনানি মুলতবির অনুরোধ জানান অনুমোদিত নয়।

3. শুনানি হতে হবে শিক্ষার্থী ও পিতামাতার সাথে। **পূনঃনির্ধারিত সময় শুনানিতে তারা অনুপস্থিত থাকলে** শুনানি তাদের *অনুপস্থিতিএত* হবে, যদি না উপযুক্ত কারণে শুনানি মুলতবি করা আবশ্যক হয়। **যদি শুনানি** *অনুপস্থিতিতে* হয়, তাহলে হিয়ারিং অফিসকে পিতামাতা ও শিক্ষককে উপস্থিত করার ব্যাপারে স্কুল কর্মকর্তাদের প্রচেষ্টার কথা নিশ্চিত করতে হবে এবং শুনানির কাজ চালিয়ে যেতে হবে। শুনানি যে নির্ধারিত তারিখে অনুষ্ঠিত হয়েছে, এবং তাতে কোন সিদ্ধান্ত গৃহীত হয়ে থাকলে, সেটা শিক্ষার্থী ও পিতামাতাদেরকে লিখিতভাবে জানাতে হবে।

4. বদলি করা হলে শিক্ষার্থী যে লাভবান হবে বা অন্য স্কুলে যে উপযুক্ত শিক্ষা লাভ করবে, স্কুলের কর্মকর্তাগণ সেটা প্রদর্শনের জন্য দায়িত্বশীল থাকবেন।

5. স্কুল কর্মকর্তা ও পিতামাতা সাক্ষী ও প্রমাণ উপস্থাপন করতে ও সাক্ষীদের প্রশ্ন করতে পারবেন।

6. হিয়ারিং অফিসার শপথ করাতে ও উপস্থিত হতে অনিচ্ছুক সাক্ষীদের জন্য সপিনা ইস্যু করার ব্যাপারে ক্ষমতাপ্রাপ্ত এবং সপিনা ইস্যুর আগে তাদের সংশ্লিষ্টতার প্রমাণ দাবির ক্ষমতা সংরক্ষণ করেন। স্কুল কর্মকর্তা বা বদলির বিষয় বিবেচনাধীন শিক্ষার্থীর পিতামাতাদের উভয় পক্ষ হিয়ারিং অফিসের সাথে যোগাযোগ করতে এবং সাক্ষীর জন্য সপিনা ইস্যুর অনুরোধ জানাতে পারেন। ডিপার্টমেন্ট অব এডুকেশনের কর্মচারী বা শিক্ষার্থীর জন্য সপিনা প্রেরণ করবেন স্কুল কর্মকর্তা। কোন শিক্ষার্থী সাক্ষীর জন্য সপিনা ইস্যু করা হলেও এবং সে উপস্থিত হতে ও সাক্ষী দিতে রাজি হলেও পিতামাতার সম্মতি ছাড়া সে আসতে পারবে না।

7. টেপ রেকর্ড বা স্টেনোগ্রাফার দ্বারা শুনানির হুবহু রেকর্ড সংরক্ষিত হবে। পিতামাতারা চাইলে তাদেরকে টেপ বা ট্রান্সক্রিপ্ট-এরএকটি কপি দিতে হবে।

D. সিদ্ধান্ত

1. শুনানির দশ স্কুল দিবসের মধ্যে স্টুডেন্ট সাসপেনশনের বরো ডিরেক্টরকে অবশ্যই প্রিন্সিপ্যাল ও পিতামাতাদেরকে তার সিদ্ধান্ত ও তার কারণ জানিয়ে একটি চিঠি দিতে হবে।

2. যদি স্টুডেন্ট সাসপেনশনের বরো ডিরেক্টর বদলির সুপারিশ প্রত্যাখ্যান করেন, তাহলে তার লিখিত

সিদ্ধান্তে যথাযথ শিক্ষাগত ও তত্ত্বাবধানগত পরিষেবার প্রয়োজন হলে শিক্ষার্থী যে স্কুলে বর্তমানে ভর্তি আছে, সেখানেই তার ব্যবস্থা করার কথা উল্লেখ থাকতে হবে।

3. যদি স্টুডেন্ট সাসপেনশনের বরো ডিরেক্টর বদলির সুপারিশ অনুমোদন করেন, তাহলে স্টুডেন্ট সাসপেনশনের বরো ডিরেক্টরকে বরো এনরোলমেন্টের এক্সিকিউটিভ ডিরেক্টর/ভারপ্রাপ্ত ব্যাক্তির সাথে আলোচনাক্রমে ভর্তির জন্য যথাযথ একটি স্কুল বাছাই করতে হবে। শিক্ষার্থীকে কোন স্কুলে বদলি করা হবে ও বদলি কবে থেকে কার্যকর হবে, স্টুডেন্ট সাসপেনশনের বরো ডিরেক্টরকে চিঠিতে সেটাও স্পষ্ট উল্লেখ করতে হবে। সে স্কুলটিকে হতে হবে এমন যাতে সেখানে শিক্ষার্থী উপযুক্ত শিক্ষা পেতে পারে। গ্রাহক স্কুলের প্রিন্সিপ্যালকেও অবশ্যই বদলির নোটিস পেতে হবে।

4. মধ্য-সেমেস্টারে বা মধ্য-সাইকেলে বদলির সাথে সংশ্লিষ্ট শিক্ষাগত বাধাবিঘ্ন পরিহারের জন্য শিক্ষার্থীকে সেমেস্টার বা সাইকেলের শেষে বদলির বিষয়টি অবশ্যই বিবেচনায় রাখতে হবে। অন্তর্বর্তী সময়ে শিক্ষার্থী তার বর্তমান স্কুলে লেখাপড়া অব্যাহত রাখবে।

5. ডিপ্লোমা প্রদান করে না (যেমন, পূর্ণকাল জিইডি প্রোগ্রাম) এমন প্রোগ্রামে বা খণ্ডকালের প্রোগ্রামে অনৈচ্ছিক বদলি কোন শিক্ষার্থীর জন্য সুপারিশ করা বা কার্যকর করা যাবে না, তাদের বয়স যা-ই হোক।

6. স্টুডেন্ট সাসপেনশন-এর বরো ডিরেক্টরকে চিঠিতে সিদ্ধান্তের বিরুদ্ধে শিক্ষার্থী ও পিতামাতাদের আপিল করার অধিকারের কথাও উল্লেখ করতে হবে।

## V. <u>আপিল</u>

আপিল হতে হবে লিখিত এবং তা পাঠাতে হবে চ্যান্সেলর বরাবর[3]।

কোন সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে হবে সিদ্ধান্ত গ্রহণের দশ স্কুল দিবসের কিংবা শুনানির টেপ বা ট্রান্সক্রিপ্ট পাওয়ার দশ দিন পর, দুটোর মধ্যে যেটি দেরিতে হয়। যতদিন আপিল ঝুলন্ত থাকবে, ততদিন শিক্ষার্থী তার বদলিকৃত স্কুলে লেখাপড়া করবে। শিক্ষার্থী ও পিতামাতা শিক্ষার্থীর অনৈচ্ছিক বদলির শুনানি শেষে সিদ্ধান্ত গ্রহণের পর পর এবং আপিলের আবেদন বিবেচনাধীন থাকাকালেই শুধু চ্যান্সেলরের কাছে একটি সাময়িক সিদ্ধান্তের অনুরোধ জানাতে পারেন। এ অনুরোধ অবশ্যই লিখিতভাবে জানাতে হবে।

## VI. <u>অনুসন্ধান</u>

এই প্রবিধান সম্পর্কে সকল অনুসন্ধান নিচের ঠিকানায় প্রেরণ করতে হবে:

| | | |
|---|---|---|
| ফোন:<br>212-374-6784 | *Office of School and Youth Development*<br>N.Y.C. Department of Education<br>52 Chambers Street, Room 218<br>New York, NY 10007 | ফ্যাক্স:<br>212-374-5751 |
| ফোন:<br>212-374-6888 | *Office of Legal Services*<br>N.Y.C. Department of Education<br>52 Chambers Street, Room 308<br>New York, NY 10007 | ফ্যাক্স:<br>212-374-5596 |

[3] আপিল চ্যান্সেলরের কাছে দেওয়ার সাথে সাথে Office of Legal Services, Room 308, 52 Chambers Street, New York, NY 10007 ঠিকানায়ও পাঠাতে হবে।